মহামারি চলাকালীন ভিসার বন্দোবস্তগুলো সরকার অব্যাহতভাবে পর্যালোচনা করছে। সমন্বয় করার পরপর এই পেজটি নিয়মিতভাবে আপডেট করা হবে।

ভিসায় বিভিন্ন অব্যাহতি
পারিবারিক ভিসার আবেদনকারীদের জন্য বিভিন্ন অব্যাহতি
প্যারেন্ট ভিসা
স্পন্সরড প্যারেন্ট (অস্থায়ী) (সাবক্লাস 870) ভিসা

ভিসায় বিভিন্ন অব্যাহতি

আপনি যদি কোভিড-19 মহামারির কারণে আরোপিত ভ্রমণের উপর নিষেধাজ্ঞা দ্বারা প্রভাবিত হয়ে থাকেন, তবে আপনি ছাড় পাওয়ার উপযুক্ত হতে পারেন।

কোভিড-19 জনিত অব্যাহতির সময়কাল শুরু হয়েছে 1 ফেব্রুয়ারি 2020 থেকে এবং যাদের জন্য তা প্রযোজ্য:

- স্কিলড রিজিওনাল (সাবক্লাস 887) ভিসা
- ব্যবসা উদ্ভাবন এবং বিনিয়োগ (স্থায়ী) (সাবক্লাস 888) ভিসা
- ব্যবসা উদ্ভাবন এবং বিনিয়োগ (অস্থায়ী) (সাবক্লাস 188) ভিসা
- সেফ হ্যাভেন এন্টারপ্রাইজ (সাবক্লাস 790) ভিসা
- টেম্পোরারি গ্রাজুয়েট (সাবক্লাস 485) ভিসা।

পারিবারিক ভিসার আবেদনকারীদের জন্য বিভিন্ন অব্যাহতি

সঙ্গী ও শিশু ভিসা

আপনি যদি অস্ট্রেলিয়ার বাইরে থেকে নিম্নলিখিত যেকোনো ভিসার জন্য আবেদন করে থাকেন:

- শিশু (সাবক্লাস 101) ভিসা
- দত্তক (সাবক্লাস 102) ভিসা
- সম্ভাব্য বিবাহ (সাবক্লাস 300) ভিসা
- সঙ্গী (সাবক্লাস 309) ভিসা

এবং

- আপনি যদি কোভিড-19 জনিত ছাড় চলাকালীন অস্ট্রেলিয়ায় থেকে থাকেন

তবে, আপনি ভিসার অন্য সকল মানদণ্ড পূরণ করেন, তবে আপনাকে অস্ট্রেলিয়ায় ভিসা মঞ্জুর করা হতে পারে।

কোভিড-19 জনিত অব্যাহতি শুরু হয়েছে 1 ফেব্রুয়ারি 2020 তারিখ থেকে এবং তা একটি সাময়িক বন্দোবস্ত। অব্যাহতির সময়কাল কবে শেষ হবে সে সম্পর্কিত আপডেটের জন্য এখানে আবার দেখুন।

5 মার্চ 2022 তারিখ থেকে, নির্ভরশীল শিশু (সাবক্লাস 445) ভিসা অস্ট্রেলিয়ায় বা বাইরে থাকা আবেদনকারীদের জন্য মঞ্জুর করা হতে পারে, তাদের ভিসার আবেদন যেখান থেকেই করা হোক না কেন। ফলশ্রুতিতে, ভিসার এই সাবক্লাসটি আর কোভিড-19 জনিত অব্যাহতির বন্দোবস্তের অন্তর্ভুক্ত নয়। আরও তথ্যের জন্য নির্ভরশীল শিশু ভিসা (সাবক্লাস 445) দেখুন।

প্যারেন্ট ভিসা

অস্ট্রেলিয়ার বাইরে থেকে করা প্যারেন্ট ভিসার আবেদন

আপনি যদি অস্ট্রেলিয়ার বাইরে থেকে নিম্নলিখিত যেকোনো ভিসার জন্য আবেদন করে থাকেন

- প্যারেন্ট (পিতামাতা) (সাবক্লাস 103) ভিসা
- অবদান রয়েছে এমন পিতামাতা (সাবক্লাস 173) ভিসা
- অবদান রয়েছে এমন পিতামাতা (সাবক্লাস 143) ভিসা

এবং

- আপনি 24 মার্চ 2021-এর পূর্বে ভিসার জন্য আবেদন করে থাকেন এবং
- 24 মার্চ 2021 তারিখে আপনি অস্ট্রেলিয়ায় থেকে থাকেন

আপনি যদি কোভিড-19 জনিত অব্যাহতি চলাকালীন ভিসার অন্য সকল শর্ত পূরণ করে থাকেন, তবে আপনি অস্ট্রেলিয়ায় থাকাকালীন আপনাকে ভিসা দেওয়া যেতে পারে।
আপনি যদি অস্ট্রেলিয়ার বাইরে থেকে এই ভিসার জন্য আবেদন করে থাকেন এবং ভিসা মঞ্জুর হওয়ার স্বাভাবিক শর্ত পূরণ করেন, তবে আপনাকে অস্ট্রেলিয়ার বাইরের ভিসা দেওয়া সম্ভব হবে (বর্তমান প্রক্রিয়া অনুযায়ী)।

অস্ট্রেলিয়ার ভেতর থেকে করা প্যারেন্ট ভিসার আবেদন

আপনি যদি অস্ট্রেলিয়ার ভেতরে থেকে নিম্নলিখিত যেকোনো ভিসার জন্য আবেদন করে থাকেন:

- বয়স্ক প্যারেন্ট (পিতামাতা) (সাবক্লাস 804) ভিসা
- অবদান রয়েছে এমন বয়স্ক পিতামাতা (সাবক্লাস 864) ভিসা

এবং

- আপনি 24 মার্চ 2021-এর পূর্বে ভিসার জন্য আবেদন করে থাকেন এবং
- 24 মার্চ 2021 তারিখে আপনি অস্ট্রেলিয়ার বাইরে থেকে থাকেন

আপনি যদি কোভিড-19 জনিত অব্যাহতি চলাকালীন ভিসার অন্য সকল শর্ত পূরণ করে থাকেন, তবে আপনি অস্ট্রেলিয়ার বাইরে থাকাকালীন আপনাকে ভিসা দেওয়া যেতে পারে।

আপনি যদি অস্ট্রেলিয়ায় থেকে এই ভিসার জন্য আবেদন করে থাকেন এবং ভিসা মঞ্জুর হওয়ার স্বাভাবিক বিষয়গুলো পূরণ করেন, তবে আপনাকে অস্ট্রেলিয়ায় ভিসা দেওয়া পারে (বর্তমান প্রক্রিয়া অনুযায়ী)।

প্যারেন্ট ভিসার জন্য আবেদনকারীগণের জন্য সাময়িক অব্যাহতি কোভিড-19 জনিত অব্যাহতির সময়কালের জন্য প্রযোজ্য হবে। কোভিড-19 জনিত অব্যাহতি শুরু হয়েছে 1 ফেব্রুয়ারি 2020 তারিখ থেকে। এটি একটি সাময়িক বন্দোবস্ত। অব্যাহতির সময়কাল কবে শেষ হবে সে সম্পর্কিত আপডেটের জন্য এখানে আবার দেখুন।

প্যারেন্ট ভিসার আবেদনগুলোর বর্তমান প্রক্রিয়ার সময়সীমা এই সংশোধনীগুলোর দ্বারা প্রভাবিত হবে না। আরও তথ্যের জন্য, প্যারেন্ট ভিসা অপেক্ষমান তালিকা ছাড়ার তারিখ ও প্রক্রিয়ার সময় দেখুন।

প্যারেন্ট এবং অবদান রয়েছে এমন পিতামাতার জন্য ব্রিজিং ভিসার জন্য ভিসার আবেদনকারীগণ

যদি নিম্নলিখিত সকল মানদণ্ড পূরণ হয়, তবে কোভিড-19 জনিত অব্যাহতি থাকাকালীন ভিসার আবেদন করলে আপনি আপনার প্যারেন্ট (সাবক্লাস 103), অবদান রয়েছে এমন পিতামাতা (সাবক্লাস 143) বা অবদান রয়েছে এমন পিতামাতা (অস্থায়ী) (সাবক্লাস 173)-এর সাথে ব্রিজিং ভিসার পাওয়ার জন্য উপযুক্ত হতে পারেন:

- আপনি আপনার প্যারেন্ট বা অবদান রয়েছে এমন পিতামাতার ভিসার জন্য 24 মার্চ 2021 তারিখের পূর্বে আবেদন করেছেন
- অস্ট্রেলিয়ার ভেতর থেকে এই ভিসার আবেদন করা হয়
- 24 মার্চ 2021 তারিখে আপনি অস্ট্রেলিয়ায় থেকে থাকেন
- ভিসার আবেদনের ব্যাপারে সিদ্ধান্ত চূড়ান্ত না হয়ে থাকে।

আপনি যে ব্রিজিং ভিসা সাবক্লাসের জন্য উপযুক্ত হতে পারেন তা আপনার প্যারেন্ট বা অবদান রয়েছে এমন পিতামাতার ভিসা আবেদন করার সময় আপনার পরিস্থিতির উপর নির্ভর করে।

আপনি আপনার ভিসার আবেদন করার সময় যদি আপনার একটি স্বতন্ত্র ভিসা থাকে, তবে আপনি একটি ব্রিজিং ভিসা A - BVA - (সাবক্লাস 010)-এর জন্য আবেদন করতে ও তা পেতে সক্ষম হতে পারেন।

আপনি আপনার ভিসার আবেদন করার সময় যদি আপনার কোনো স্বতন্ত্র ভিসা না থাকে, তবে আপনি কোনো BVA-এর জন্য উপযুক্ত হবেন না। আপনি একটি ব্রিজিং ভিসা E - BVE - (সাবক্লাস 050)-এর শর্তাবলী পূরণ করতে সক্ষম হতে পারেন।

আপনি যদি প্যারেন্ট বা অবদান রয়েছে এমন পিতামাতার ভিসার জন্য অস্ট্রেলিয়ার বাইরের কোনো অফিসে কাগুজে আবেদন জমা দিয়ে থাকেন, তবে আপনি আপনার ভিসার আবেদনের সাথে ব্রিজিং ভিসা পাওয়ার মানদণ্ড পূরণ করবেন না।

আপনি যদি কোনো ব্রিজিং ভিসার জন্য আবেদন করতে চান সম্পূর্ণভাবে পূরণকৃত একটি ফর্ম 1005 WA প্যারেন্ট ভিসা সেন্টারে পাঠান। পূরণকৃত ফর্মটি ইমেইলে পাঠাবেন না। ইমেইলে প্রাপ্ত যেকোনো ফর্ম 1005 একটি অকার্যকর আবেদন হবে এবং তা বিবেচনা করা যাবে না।

স্পন্সরড প্যারেন্ট (অস্থায়ী) (সাবক্লাস 870) ভিসা

আপনার যদি একটি স্পন্সরড প্যারেন্ট (অস্থায়ী) ভিসা (সাবক্লাস 870) (SPTV) থাকে এবং 1 জুলাই 2021 তারিখে অস্ট্রেলিয়ার বাইরে থেকে থাকেন, তবে আপনার ভিসার মেয়াদ স্বয়ংক্রিয়ভাবে 18 মাস বৃদ্ধি করা হয়েছে।

এই অব্যাহতির লক্ষ্য হলো সেসকল SPTV-ধারীদের সহায়তা করা, যারা কোভিড-19 জনিত ভ্রমণ বিধিনিষেধের কারণে তাদের ভিসার পুরো 3 বা 5 বছর অস্ট্রেলিয়ায় কাটাতে পারেননি।

যদি এই অব্যাহতির অধীনে আপনার ভিসার মেয়াদ বাড়ানো হয়ে থাকে, তবে ক্রমপুঞ্জীভূতভাবে সর্বোচ্চ 10 বছর অবস্থান করার ক্ষেত্রে এই অতিরিক্ত 18 মাস বিবেচিত হবে না।

SPTV স্পন্সরদের জন্যও স্পন্সরশীপের বাধ্যবাধকতা সমান 18 মাস বৃদ্ধি করা হয়েছে। আপনার ভিসার বিস্তারিত ও শর্তাবলী সম্পর্কে জানতে আপনি VEVO ব্যবহার করতে পারেন।